

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২৬৫-আইন/২০২৬/৩৬৫-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কোনো ব্যক্তি কর্তৃক শুধুমাত্র সোস্যাল মিডিয়া প্ল্যাটফর্ম, ওটিটি প্ল্যাটফর্ম, অনলাইন মার্কেটপ্লেস, সার্চ ইঞ্জিন বা সমজাতীয় অন্যকোনো অনলাইন মিডিয়ায় বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে সেবার কোড So০৭.২০ এর আওতায় অনলাইন বিজ্ঞাপন সেবার বিপরীতে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।